

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১২৫.২৩ নথির বিষয়: Repair, Maintenance & Painting work with RCC Copping of boundary wall East side at SWTP Phase-1.

নোট: ১ নোটের বিষয়: Repair, Maintenance & Painting work with RCC Copping of boundary wall East side at SWTP Phase-1.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৯/৭/২৩ ১১:০৮ পূর্বাহ্ন

সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়োদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়োদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। আলোচ্য কাজটি প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ এর সাথে সম্পর্কিত বিধায় অত্র বিভাগ হতে নথিটি উপস্থাপন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৯/৭/২৩ ১১:০৯ পূর্বাহ্ন

সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়োদাবাদ ফেজ-১ এর পূর্ব পাশের সীমানা প্রাচীরে Copping নাই (সংযুক্ত ক্রমিক নং-২ দ্রঃ)। Copping না থাকার কারণে সামান্য বৃষ্টি হলে বৃষ্টির পানি সরাসরি ওয়ালে পড়ে। এতে দ্রুত শ্যাওলা পড়ে ওয়ালের রং নষ্ট হয় এবং সীমানা প্রাচীরের সৌন্দর্য হ্রাস পায়। এছাড়া Barbed wire স্থাপন করতে Copping নির্মাণ করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, সীমানা প্রাচীরের সৌন্দর্য বৃদ্ধি পাবে এবং Barbed wire স্থাপন করতে সুবিধা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৯/৭/২৩ ১১:১০ পূর্বাহ্ন

সায়োদাবাদ পানি শোধনাগারের নিরাপত্তা বৃদ্ধিসহ অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়ার লক্ষ্যে পিডরিউডি-২০২২ এর সংশোধিত রোট সিডিউল এবং বর্তমান বাজার দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৫ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৬,৬৮৭.৫৪১ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত সাতাশ দশমিক পাঁচ চার এক টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের ইউইফফণ্ড উদ্ব্যয় গধরহঃবহদহপব খাত হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য, কাজটি অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৭৫ এবং প্যাকেজ নং-W-19 এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৯/৭/২৩ ১১:১৩ পূর্বাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, অভিজ্ঞ ঢাকা ওয়াসার তালিকভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে যোগ্য ঠিকাদার নিয়োজিত করে কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে অত্র বিভাগ হতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের জন্য প্রস্তাবনা দেয়া হয়েছে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২৯/৭/২৩ ১১:১৯ পূর্বাহ্ন

কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়োদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। সাঃপাঃশোঃ ফেজ-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। বর্তমান সাইটের আলোক চিত্র।
- ৩। আলোচ্য কাজের নক্সা।
- ৪। রোট সিডিউলের কপি।
- ৫। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।





নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৯/৭/২৩ ১১:৩০ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.৪ পর্যন্ত বর্ণনালোকে (কর্তৃপক্ষের কাজের স্বার্থে) Repair, Maintenance & Painting work with RCC Copping of boundary wall East side at SWTP Phase-1. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্ন বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।



- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৬,৬৮৭.৫৪১ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত সাতাশ দশমিক পাঁচ চার এক টাকা মাত্র) টাকার অনুমোদন।
গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় Boundary Wall Maintenance খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৯/৭/২৩ ১২:০২ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫৫ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫৫ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫৫ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল




অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩০/৭/২৩ ২:০৪ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.5

	
৩০/৭/২৩ ২:০৫ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩০/৭/২৩ ২:০৫ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ৩০/৭/২৩ ৪:০৩ অপরাহ্ন

অনুমোদিত

			
৩০/৭/২৩ ৪:০৪ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ৪:২৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/১১/২৩ ৫:৩৭ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/১১/২৩ ৫:৩৭ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা